

# আমরা যা শুনেছি



## Social Cohesion Guide

### social cohesion সম্পর্কে সম্প্রদায়ের সাথে কথা বলার সময় আমরা যা শুনেছিলাম তার একটি সারাংশ

2019 সালের 15ই মার্চ ক্রাইস্টচার্চে সন্ত্রাসী হামলার ঘটনায় রয়্যাল কমিশন অব ইনকোয়ারি Aotearoa নিউজিল্যান্ডে social cohesion উন্নত করার জন্য সুপারিশ করেছিল। এই social cohesion-এর সুপারিশগুলি সম্পাদন করার কাজের অংশ হিসাবে, মিনিস্ট্রি অব সোশ্যাল ডেভেলপমেন্ট (MSD) Aotearoa নিউজিল্যান্ড জুড়ে social cohesion উন্নত এবং পরিমাপ করার জন্য একটি কৌশল তৈরি করার বিষয়ে অনেক ধরণের মানুষ এবং সম্প্রদায়ের সাথে কথা বলেছে। এই কথোপকথন বা পরস্পরের সাথে যোগাযোগগুলি 2021 সালের জুলাই থেকে 2022 সালের মার্চের মধ্যে ঘটেছিল।

এই সভাগুলিতে যারা অংশ নিয়েছেন তারা বলেন, Aotearoa নিউজিল্যান্ডে একটি social cohesion-এর সমস্যা রয়েছে এবং তারা বৈষম্যের অভিজ্ঞতা বা তাদের সাথে, লিঙ্গ, বিশ্বাস, যৌনতা, ভৌগোলিক অবস্থান এবং অন্যান্য পার্থক্যের কারণে ভিন্নভাবে আচরণ করার বিষয়ে কথা বলেছেন। অনেকের একই সাথে একাধিক ধরণের বৈষম্যের অভিজ্ঞতা হয়েছে যা তাদের নেতিবাচক অভিজ্ঞতাকে আরো দৃঢ় করেছে। তারা চেয়েছিল যে এই পার্থক্যগুলি উপেক্ষা বা সাধারণভাবে দেখার পরিবর্তে তাদের মূল্য এবং সম্মান দেওয়া হোক।

অংশগ্রহণকারীরা Te Tiriti o Waitangi (Waitangi-এর চুক্তি) এবং social cohesion-এর মধ্যে শক্তিশালী সংযোগ নিয়ে আলোচনা করেন। এটি মেনে নেওয়া হয়েছিল যে Te Tiriti o Waitangi কেবল Māori নয়, Aotearoa নিউজিল্যান্ডের সমস্ত মানুষের মধ্যে social cohesion জোরদার করার বিষয়ে আমাদের মূল্যবান পাঠ শেখাতে পারে। অংশগ্রহণকারীরা social cohesion-এর প্রচেষ্টার জন্য আরও সংস্থান বা তহবিল দেখতে চেয়েছিলেন।

অংশগ্রহণকারীদের সাথে social cohesion-এর সংজ্ঞা নিয়ে আলোচনা করা হয়েছিল। তাদের প্রতিক্রিয়া অনুযায়ী, social cohesion-এর সংজ্ঞা দেওয়া হয়েছিল যেখানে: সমস্ত মানুষ, whānau এবং সম্প্রদায়গুলি Aotearoa-তে উন্নতি লাভ করে, অন্তর্ভুক্ত হয় এবং সম্মানিত হয়। সংজ্ঞার মধ্যে অংশগ্রহণকারীরা 'অন্তর্ভুক্ত হওয়া', 'সম্মান' এবং 'পক্ষপাতশূন্যতা' রাখার পক্ষে দৃঢ়ভাবে সমর্থন করেছিলেন।

social cohesion সম্পর্কে বর্তমান গবেষণার উপর ভিত্তি করে social cohesion অর্জনের জন্য আমরা যে ছয়টি ক্ষেত্রে কাজ করতে পারি, সেই বিষয়েও অংশগ্রহণকারীদের সাথে আলোচনা করা হয়েছিল। তাদের প্রতিক্রিয়া অনুযায়ী, ছয়টি ক্ষেত্র এই হিসাবে আপডেট করা হয়েছিল:

- 1) পার্থক্যের কারণে মানুষের সাথে বৈষম্যমূলক আচরণ বা দুর্ব্যবহার করা;
- 2) নানা ধরণের গোষ্ঠী ঘাতে উন্নতি এবং সংযোগ করতে পারে তার জন্য ইতিবাচক সুযোগ;
- (3) গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডে অংশগ্রহণ;
- 4) সুস্থতা এবং সুস্থতার বাধাগুলি;
- 5) অন্তর্ভুক্তি এবং ভাগ করা মূল্যবোধ;
- 6) ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের সমাজ ও পরিবেশ রক্ষা করা।

এই ছয়টি ক্ষেত্র সম্পর্কে আলোচনায় পক্ষপাতশূন্যতা, ক্ষমতা, ক্ষতি, আস্থা, বৈচিত্র্য এবং পরিচয়ের উল্লেখযোগ্য সমস্যাগুলি অন্তর্ভুক্ত ছিল। অংশগ্রহণকারীরা বলেন যে, social cohesion অর্জনের জন্য ছয়টি ক্ষেত্রের প্রত্যেকটিই সমান গুরুত্বপূর্ণ। ছয়টি লক্ষ্যবস্তুর ক্ষেত্রও সরকারী সংস্থাগুলি ইতিমধ্যে Aotearoa নিউজিল্যান্ডে social cohesion-কে সমর্থন করার জন্য যে কাজটি করছে তা শক্তিশালী পূরণ এবং প্রসারিত করবে।

সফল social cohesion-এর কাজটি কেমন হবে এ বিষয়ে জিজ্ঞাসা করা হলে, অংশগ্রহণকারীরা অন্তর্ভুক্তি, পক্ষপাতশূন্য, শ্রদ্ধা এবং বিশ্বাসের পরিবেশ তৈরি করার বিষয়ে কথা বলেছিলেন, যেখানে সবাই সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে। এই প্রতিক্রিয়াটি বিশ্লেষণ করা হয়েছিল এবং social cohesion-র দিকে অগ্রগতির মূল্যায়ন এবং পরিমাপ করায় সহায়তা করার জন্য এক সেট social cohesion-র পরিণতি তৈরি করার জন্য ব্যবহার করা হয়েছিল।

এই বিভিন্ন ধরণের অংশগ্রহণকারীদের কথোপকথন বা তাদের সাথে আদানপ্রদান থেকে পাওয়া প্রতিক্রিয়া এবং ধারণাগুলি উল্লেখযোগ্যভাবে Aotearoa নিউজিল্যান্ডে social cohesion-কে উন্নত করার কৌশলকে আকার দিয়েছে।

